গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০২.০১১.২১- ১৪৩

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা-২০২১-২২ এর ৩য় কোয়ার্টারের পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৬.০৪.২০২২ খ্রি. তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২২ এর ৩য় কোয়ার্টারের পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

25/04/2022

(রাহেলা রহমত উল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬০৪৮
admin3@mefwd.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ;
০৩. মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা;
০৪. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা;
০৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
০৬. যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
০৭. প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ :**

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# শুদ্ধাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি : মো: সাইফুল হাসান বাদল
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্থান : এ মন্ত্রণালয়ের মিনি সভা কক্ষ (ভবন নং-০৩, কক্ষ নং-৩৩৮)
তারিখ : ২৬-০৪-২০২২ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব ও সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান, জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল ২০২১-২২ এর নির্ধারিত কর্মসূচীগুলো দ্রুত বাস্তবায়ন করে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। সকল দপ্তর/সংস্থাকে নিজেদের গৃহীত দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। এরপর সভায় অংশগ্রহণকারী সদস্যগণ নিম্ন বর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা -২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনর উপর ফিডব্যাক প্রদান। | (ক) এ পর্যায়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক বলেন, গত কোয়ার্টারের পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৩য় কোয়ার্টারের সভা অনুষ্ঠিত হয়েছে। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষনের আয়োজনের শিডিউল করা আছে, জুনের মধ্যে সম্পন্ন করা হবে। গত কোয়ার্টারে ৯০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরন কার্যক্রম গ্রহন করা হয়েছে। ২টি মাইক্রোবাস ও ৭টি জিপগাড়ি নিলামে বিক্রয়ের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা করা হয়েছে, দ্রুত পুরস্কার প্রদান করা হবে। ২০২১-২০২২ অর্থবছরের ক্রয়পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনা সহ) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরেই টেন্ডারিং এর মাধ্যমে NCT প্যাকেজসমূহের ক্রয়কার্য সম্পাদনের নির্ধারিত লক্ষ্যমাত্রা ৮৫%, এ পর্যন্ত অর্জন ৯২.৫। চলতি অর্থবছরের গত কোয়ার্টার পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির মোট বরাদ্দের ৫১% বাস্তবায়িত হয়েছে। বিভিন্ন সেবা কার্যক্রম সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট বা প্রচারপত্র/নোটিশ/বিজ্ঞপ্তি/ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে সচেতনতামূলক বার্তা নিয়মিত প্রচারিত হচ্ছে। জেলা ও উপজেলা পর্যায়ে বরাদ্দ ও ব্যয় সরেজমিনে যাচাই এবং অডিট আপত্তি নিষ্পত্তিকরণ হয়েছে। ইতোমধ্যে ৯০টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে উন্নয়ন খাতে আর্থিক বরাদ্দ প্রদান এবং খরচের প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এখন পর্যন্ত সফটওয়্যার ক্রয় করা হয়নি। সফটওয়্যারটি ক্রয়ের জন্য ১৫ লক্ষ টাকার প্রাক্কলন অনুমোদনের জন্য বিএমসি সভায় প্রেরণ করা হয়েছে। ডিজিটাল মনিটরিং সফটওয়্যারের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারিদের কর্মস্থলে উপস্থিতি যাচাইয়ের কাজ অব্যাহত রয়েছে। | ১) অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২) নৈতিকতা কমিটি ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৩)জুনের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষনের আয়োজন শেষ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৪)টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৫)কর্মকর্তা/কর্মচারী যাদের কর্মস্থলে অনুপস্থিত পাওয়া গিয়েছে তাদের নিকট কারন দর্শানো হয়েছে। জবাব অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|---|---|
| | | (খ) এ পর্যায়ে নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের মহাপরিচালক বলেন, গত কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়েছে। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ১০০ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা থাকলেও ১১৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২১-২০২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের ক্রয়পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। চলতি অর্থবছরের গত কোয়ার্টার পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির মোট বরাদ্দের ৫০% এর মধ্যে ৪৬.৮৬% বাস্তবায়িত হয়েছে এবং প্রমাণক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম চলমান আছে। শুধুমাত্র স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করা হয়নি। ইনভেন্টরি ম্যানেজমেন্ট মডিউলের ক্লাউড সার্ভারে স্পেশ বরাদ্দ, প্রশিক্ষণ ও অন্যান্য ব্যয় পরিশোধ বাবদ সম্পত্তিপত্র বিসিসি কর্তৃপক্ষকে প্রেরণ করা হবে। নার্সিং সেবার মান উন্নয়নে সরকারী নার্সিং কলেজ পরিদর্শন অব্যহত রয়েছে। | ১। পরিদর্শন প্রতিবেদন এর আলোকে গৃহীত ব্যবস্থা অত্র বিভাগকে অবহিত করা সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার দ্রুত চালু করার কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর |
| | | (গ)এ পর্যায়ে নিপোর্টের মহাপরিচালক বলেন, গত কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং বাস্তবায়ন অগ্রগতি লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৩য় কোয়ার্টারের সভা যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে। কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের ক্রয়পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনা সহ) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ মোট লক্ষ্যমাত্রার অর্জিত হয়েছে। মাঠ পর্যায়ের দপ্তর সমূহের পরিদর্শন/আকষ্মিক পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। গণশুনানি আয়োজন চলমান রয়েছে। দুর্নীতি ও সুশাসন বিষয়ে প্রশিক্ষণ প্রদান অব্যহত রয়েছে। এ বিষয়ে নির্ধারিত লক্ষ্য মাত্রা অর্জিত হয়েছে। | ১। পরিদর্শনের আলোকে গৃহীত ব্যবস্থা অত্র বিভাগকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। গণশুনানিতে প্রাপ্ত মতামতের আলোকে গৃহীত ব্যবস্থা অত্র বিভাগকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নিপোর্ট |
| | | (ঘ) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক চলতি ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়নি। তাই আগামী অর্থবছরে প্রণয়ন করে প্রেরণ করবেন মর্মে জানান। | | স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর |

০২। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৪/২০২২

(মো: সাইফুল হাসান বাদল)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ